**১ জুলাই ২০২৫**

**প্রেস বিজ্ঞপ্তি**

# মুরাদনগর ধর্ষণ মামলা: হাইকোর্টের আদেশ বাস্তবায়নে ভুক্তভোগীর কনটেন্ট অপসারণ ও গোপনীয়তা নিশ্চিতের দাবি জানালো সাইবার সাপোর্ট ফর উইমেন এন্ড চিলড্রেন

সাইবার সাপোর্ট ফর উইমেন অ্যান্ড চিলড্রেন (CSWC)[1] কুমিল্লার মুরাদনগরে সংঘটিত ধর্ষণ সংক্রান্ত ঘটনায় ভুক্তভোগীর গোপনীয়তা রক্ষায় হাইকোর্ট বিভাগের নির্দেশনাকে আন্তরিকভাবে স্বাগত জানাচ্ছে। এই গুরুত্বপূর্ণ আদেশ সামাজিক যোগাযোগ মাধ্যমে ভুক্তভোগীর ভিডিও ও ছবি অপসারণে একটি নজির স্থাপন করেছে, যা ডিজিটাল প্ল্যাটফর্মে নারী ও শিশুর নিরাপত্তা নিশ্চিতের পথে ইতিবাচক পদক্ষেপ।

সাম্প্রতিক সংবাদে প্রকাশিত হয়েছে যে, ২৬ জুন ২০২৫ তারিখে কুমিল্লার মুরাদনগর উপজেলার বাহেরচর পাচকিত্তা গ্রামে ২৫ বছর বয়সী এক নারী তার নিজ বাড়িতে ধর্ষণের শিকার হন বলে অভিযোগ উঠে। সাহসিকতার সঙ্গে এই নারী নিজেই অভিযুক্ত ফজর আলীর বিরুদ্ধে মামলা দায়ের করেছেন। CSWC প্ল্যাটফর্ম তার এই সাহসিকতার প্রশংসা করে এবং আইনগত পদক্ষেপ গ্রহণকে নারীর অধিকার প্রতিষ্ঠার দৃষ্টান্ত হিসেবে দেখছে।

তবে দুঃখজনকভাবে, হাইকোর্টের নির্দেশনা ও সামাজিক যোগাযোগ মাধ্যমে রিপোর্ট করেও এই ঘটনার ভিডিও ও ছবি এখনো অনলাইনে রয়ে গেছে, যা অত্যন্ত উদ্বেগজনক। এছাড়াও এ সংক্রান্ত ভিডিও অপসারণের হাইকোর্টের নির্দেশনা থাকার পরেও ভুক্তভোগীর  নিজবাড়িতে  ভিডিও ও ছবি ধারন ও প্রকাশ এখনো বিদ্যমান থাকায় উদ্বেগ প্রকাশ করেছে সাইবার সাপোর্ট ফর উইমেন অ্যান্ড চিলড্রেন (সিএসডব্লিউসি)।

বাংলাদেশে এই মুহূর্তে ব্যক্তিগত তথ্য সুরক্ষার নির্ভরযোগ্য কাঠামোর অভাব, এবং বিদ্যমান আইনে প্রযুক্তি-নির্ভর যৌন সহিংসতার বিষয়ে স্পষ্ট নির্দেশনার অনুপস্থিতি ভুক্তভোগীদের ন্যায়বিচার নিশ্চিত করতে প্রতিবন্ধকতা সৃষ্টি করছে। বিশেষ করে নারী ও শিশু নির্যাতন দমন আইন, ২০০০–এর ধারা ১৪ অনুযায়ী ভুক্তভোগীর পরিচয় গোপন রাখার বিধান কার্যকরভাবে বাস্তবায়ন করা প্রয়োজন।

এই প্রেক্ষাপটে, CSWC দৃঢ়ভাবে আহ্বান জানাচ্ছে:

- ধর্ষণসহ যেকোনো যৌন সহিংসতার ভুক্তভোগীর পরিচয় এবং ছবি গোপনীয়তা রক্ষার।

---

[1] **সাইবার সাপোর্ট ফর উইমেন এন্ড চিলড্রেন প্ল্যাটফর্ম:**
দেশে ইন্টারনেটের ব্যবহারের ফলে সাইবার জগতের অধিকার সুরক্ষার প্রয়োজনীয়তা ক্রমেই বাড়ছে। অনলাইনে সংঘটিত বিভিন্ন সহিংসতার মধ্যে নারী ও শিশু সম্পর্কিত ঘটনাগুলো স্পর্শকাতর এবং অনেক ভুক্তভোগী প্রতিরোধ বা প্রতিকারে পদক্ষেপ নিতে পারে না। এই পরিস্থিতিতে সমন্বিতভাবে কাজ করতে বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভসেস ট্রাস্টের (ব্লাস্ট) উদ্যোগে সম্প্রতি ১৩টি সংগঠনের যৌথ প্লাটফর্ম গঠন হয়েছে। **Cyber Support for Women and Children-CSWC** নামে এই প্ল্যাটফর্ম নারী ও শিশুদের সুরক্ষায় সম্মিলিতভাবে কাজ করবে। আসুন – “সাইবার সুরক্ষায় সচেতনতা গড়ি, নারী ও শিশুদের নিরাপত্তা নিশ্চিত করি”
প্ল্যাটফর্মের আহ্বায়ক বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট), যুগ্ম আহ্বায়ক সাইবার ক্রাইম অ্যাওয়্যারনেস ফাউন্ডেশন (সিক্যাফ) এবং সদস্য সচিব নারীপক্ষ। এছাড়া আরও ১০টি সদস্য সংগঠনের মধ্যে আছে-আইন ও শালিস কেন্দ্র (আসক), অরোধ্য ফাউন্ডেশন, আর্টিকেল নাইনটিন, ইনস্টিটিউট অফ ইনফরমেটিক্স অ্যান্ড ডেভলাপম্যান্ট (আই.আই.ডি), দ্যা টেক অ্যাকাডেমি, ব্র্যাক, বাংলাদেশ ইন্টারনেট গভর্নেন্স ফোরাম (বিআইজিএফ), বাংলাদেশ মহিলা পরিষদ, সাইবার টিনস, ডিজিটালি রাইট লিমিটেড ও হিউম্যান রাইটস সাপোর্ট সোসাইটি (এইচআরএসএস)।

- ভুক্তভোগীর সম্মতি ছাড়া কোনো ধরনের কনটেন্ট অনলাইনে প্রকাশ না করার
- TFGBV (Technology-Facilitated Gender-Based Violence) অপরাধীদের বিরুদ্ধে কার্যকর আইনগত ব্যবস্থা গ্রহণ নিশ্চিত করার
- ব্যক্তিগত তথ্য সুরক্ষায় আইনি কাঠামো শক্তিশালী করার

একই সাথে, CSWC নিম্নোক্ত পদক্ষেপগুলো বাস্তবায়নের জোর দাবি জানাচ্ছে:

১. TFGBV-এর জন্য পৃথক ও স্পষ্ট আইনি সংজ্ঞা ও সুরক্ষা কাঠামো প্রণয়নের
২. ভুক্তভোগীর ডিজিটাল তথ্য ও প্রমাণাদির গোপনীয়তা সুরক্ষা নিশ্চিতে বিদ্যমান আইনের যথাযথ বাস্তবায়ন নিশ্চিতের।
৩. ডিজিটাল ফরেনসিক সাক্ষ্য গ্রহণ বাধ্যতামূলক করার।
৪. পর্নোগ্রাফি নিয়ন্ত্রণ আইন, ২০১২-এর যুগোপযোগী সংশোধন আনায়ন করা।
৫. এ ধরনের ঘটনার বিরুদ্ধে তাৎক্ষণিক পদক্ষেপ গ্রহণের জন্য বিশেষ সাইবার ক্রাইম সেল গঠন করা
৬. বিচার বিভাগের সঙ্গে সংশ্লিষ্ট কর্মকর্তাদের এ বিষয়ে সংবেদনশীলতা ভিত্তিক প্রশিক্ষণ প্রদান করা। এবং
৭. পাঠ্যক্রমে ডিজিটাল সাক্ষরতা সংক্রান্ত বিষয় অন্তর্ভুক্ত করা।

**প্রেক্ষাপট:**

- বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো ও ইউএন উইমেন বাংলাদেশের গবেষণা অনুযায়ী, দেশে ইন্টারনেট ব্যবহারকারীদের মাত্র ২১.২৫% নারী।
- আইন ও সালিশ কেন্দ্রের মতে, ২০২১ সালে সাইবার অপরাধের ৭০% ভুক্তভোগী নারী।
- অ্যাকশনএইড বাংলাদেশের গবেষণায় দেখা গেছে, ৬৪% নারী কখনো না কখনো অনলাইনে হয়রানির শিকার হয়েছেন, যার মধ্যে ৮০% যৌন মন্তব্য ও ৫৩% ব্যক্তিগত ছবি ব্যবহারের মাধ্যমে হয়রানির সম্মুখীন হয়েছেন।

নারী ও শিশুদের জন্য নিরাপদ ডিজিটাল পরিবেশ গড়ে তোলার লক্ষ্যে Cyber Support for Women and Children (CSWC) প্ল্যাটফর্ম ডিজিটাল স্বাক্ষরতা ও সচেতনতা বৃদ্ধিতে কাজ করছে। এটি প্রযুক্তির সঙ্গে সামঞ্জস্যপূর্ণ আইন প্রণয়ন, ভুক্তভোগীদের নিরাপত্তা নিশ্চিতকরণ এবং সরকারি সেবা কাঠামো গঠনে ভূমিকা রাখছে। পাশাপাশি, নিরাপদ সাইবার জগত তৈরিতে ৭ দফা বাস্তবায়নে  জোর দাবি জানাচ্ছে প্ল্যাটফর্মটি।

**আরও তথ্যের জন্য যোগাযোগ করুন:**

Cyber Support for Women and Children-CSWC এর আহ্বায়ক ও সচিবালয়ের পক্ষে

কমিউনিকেশন বিভাগ, বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট)

**ই-মেইল:** **platform.vaw@gmail.com**, **communication@blast.org.bd**